

তারিখ
কসম



বইমেলায় প্রকাশিত কয়েকটি সায়েন্স ফিকশন : মুহম্মদ জাফর ইকবালের 'সায়েন্স ফিকশন সমগ্র', ইমদাদুল হক মিলন সম্পাদিত 'ছোটদের একশো সায়েন্স ফিকশন', আনিসুল হকের 'ভিন্মাছের তিনকটার' এবং জাকারিয়া খানের 'রাউটার্স'

সায়েন্স ফিকশনের প্রচুর পাঠক

প্রতীক ইজাজ : শেষ পর্যন্ত ইচ্ছে পূরণ হলো না বাংলা একাডেমী বইমেলায় অংশ নেওয়া প্রকাশনা সংস্থাওয়ার। আজ 'বসন্ত উৎসব' ও আগামীকাল 'বিখ জালোবাসা দিবস'-এ তারা সকাল থেকেই মেলা খোলা রাখার ইচ্ছে ব্যক্ত করলেও বাংলা একাডেমী কর্তৃপক্ষ তা নাকচ করে দিয়েছে। ফলে এই দুদিন 'পাঠকবিক নিয়মেই দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা চলবে।

প্রকাশনা সংস্থাওয়ার মেলা খোলা রাখার ইচ্ছেকে নাকচ করে দিয়ে বাংলা একাডেমীর মহাপরিচালক মনসুর মুসা বলেন, এ ব্যাপারে মেলা কমিটির পক্ষ থেকে কোনো কিছুই বলা হয়নি আমাকে। আর তাছাড়া এই দিনগুলোতে মেলা সারা দিন খোলা রাখার কোনো যৌক্তিকতাও নেই। বিষয়টি নিয়ে প্রকাশকদের মাঝে ব্যাপক মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে। অধিকাংশ প্রকাশকই বিষয়টির প্রতি গুরুত্ব না দেওয়ায় বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি এবং সৃজনশীল প্রকাশক পরিষদের নেতৃবৃন্দকে দায়ী করেছেন।

বিজ্ঞান কল্পকাহিনী বইয়ের দারুণ সংকট এখার বইমেলায়। হাতেগোনা কয়েকজন লেখকের কয়েকটি বই বাদে মেলায় তেমন ভালো কোনো বই নেই। কয়েকজন তরুণ লেখকের কিছু বই প্রকাশ পেলেও বিক্রি একেবারেই সূন্যের কোঠায়— জানিয়েছেন প্রকাশকরা। আবার সাহিত্য মান নিয়েও সংশয় প্রকাশ করেছেন অনেক পাঠক, লেখক। অথচ বিজ্ঞান কল্পকাহিনী বইয়ের প্রতি জীর্ণ আগ্রহ শিশু-কিশোর-তরুণদের। গত কয়েক বছরে এই জনপ্রিয়তা আরো বেড়েছে। কিন্তু বাড়েনি এই ধারার লেখক ও ভালো বইয়ের সংখ্যা।

জনপ্রিয় কণ্ঠশিল্পী হুমায়ূন আহমেদ ও মুহম্মদ জাফর ইকবাল দেশে বিজ্ঞান কল্পকাহিনীর লেখক হিসেবে সবচেয়ে জনপ্রিয়। গত দু' বছরে হুমায়ূন আহমেদের এই ধারার কোনো বই প্রকাশ পায়নি। অন্যদিকে গত কয়েকটি মেলায় নিয়মিত দু'একটি করে বই প্রকাশ হচ্ছে মুহম্মদ জাফর ইকবালের। সেই সঙ্গে বেশ কিছু তরুণ লেখকও এগিয়ে এসেছেন এবারের বইমেলায় বেশ কিছু বই নিয়ে।

এবারের বইমেলায় বের হয়েছে মুহম্মদ জাফর ইকবালের দুটি নতুন বিজ্ঞান কল্পকাহিনীর বই। এগুলো হলো সময় প্রকাশনের 'জাতুলের ছপত' ও পার্শ্ব পাবলিকেশন প্রকাশিত 'বেত্রি'। পাঠকদের কাছে ব্যাপক জনপ্রিয় এই বই দুটোর বিতরণ সংক্রান্ত শেখের দিকে। অবশ্য এবারের প্রকাশনা সংস্থাও প্রকাশ করেছে এই লেখকের বিজ্ঞান কল্পকাহিনীর আটটি বইয়ের সংকলিত গ্রন্থ 'সায়েন্স ফিকশন সমগ্র' তৃতীয় খণ্ড। তবে বিক্রেতার জ্ঞানান, দাম বেশি হওয়ায় বইটি তেমন চলছে না। এ ছাড়াও পার্শ্ব পাবলিকেশন প্রকাশ করেছে আরো দুটো বই। এগুলো হলো আবু সাঈদ ছুবেরীর 'ছুপিটারের নিশি' ও ফয়সল আহমেদের 'কসমিক ট্রাজেডি'।

দিবা প্রকাশ থেকে হাসান খুরশীদ রুমির একটি বিজ্ঞান কল্পকাহিনী বই প্রকাশ হওয়ার কথা থাকলেও শেষ পর্যন্ত তা বের হচ্ছে না—জানালাল প্রকাশনাটির বহুধিকারী কণ্ঠশিল্পী মঈনুল আহসান সাবের। মুহম্মদ জাফর ইকবালকে তিনি এই ধারার একজন সফল লেখক হিসেবেও উল্লেখ করেন।

এবার একটি বিজ্ঞান কল্পকাহিনী লিখেছেন আনিসুল হকও। মাওলা ব্রাদার্স থেকে প্রকাশিত তার বইটির নাম 'ভিন্মাছের তিনকটার'। বইটি খুবই ভালো বিক্রি হচ্ছে বলে জানালাল সংস্থার প্রতিনিধিরা। এ ছাড়াও হাতেখড়ি প্রকাশ করেছে ইমদাদুল হক মিলন সম্পাদিত 'ছোটদের একশো সায়েন্স ফিকশন'।

সায়েন্স ফিকশনের

● শেষের পাতার পর.

এখার বাংলা-ওপার বাংলার জনপ্রিয় লেখকদের লেখাগুলোই সংকলিত বইটিতে। গল্পকার কমলেশ রায়ের একটি বিজ্ঞান কল্পকাহিনী বই 'আরক'। প্রকাশ করেছে এম এস প্রকাশনী। এটি লেখকের এই ধারার তৃতীয় বই। আইজাক অজিমভের 'গল্প সমগ্র-১' নামে বিজ্ঞান কল্পকাহিনীর একটি বই গতকালই মেলায় এনেছে ঐতিহ্য। তবে কল্পমত-এর প্রকাশিত 'একজন সায়েন্স ফিকশন' বইটি শিতদের মাঝে ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে। বইটি সম্পাদনা করেছেন হুজুর তারিকুল ইসলাম শান্ত।

অবশ্য বিজ্ঞান কল্পকাহিনীর বই প্রকাশে এবারো এগিয়ে আছে অনন্যা। তারা প্রকাশ করেছে ৩টি বই। এগুলো হলো আমীরুল ইসলামের 'সুপার সায়েন্স ফিকশন', জাকারিয়া খানের 'রাউটার্স' ও ফরিদুর রেজা সাগরের 'এক বই গল্প'। এ ছাড়াও চিত্রা প্রকাশনী প্রকাশ করেছে মেসবাহউদ্দিন আহমেদের 'বিজ্ঞানের কল্পগল্প', রহমান বুকস প্রকাশ করেছে জিহুর রহমানের সায়েন্স ফ্যান্টাসি 'দ্য ট্রেন', এবং সৃষ্টিপর্যায় মাহমুদুল ইকবালের 'আননোন ও সায়েন্স ফিকশন'।

মেলায় আসা বিজ্ঞান কল্পকাহিনীর আরো কিছু নতুন বই হলো মীরা প্রকাশনীর জিনাত বোকসানার লেখা 'ওয়েলকাম টু রোবট সিটি', ডৌহিদুর রহমানের লেখা নীতি প্রকাশনীর 'গিরীর্ণিপণ্ড ও সুপার কম্প ডুট', শোভা প্রকাশের আমরুল ইসলামের 'ভয়ঙ্কর ভবিষ্যৎ'।

● এরপর-পৃষ্ঠা ২ কসম